ফাতওয়া নাম্বার:৫০৩ প্রকাশকালঃ২২-১০-২০২৪ ইং

কুরআন শিক্ষা দিয়ে টাকা নেওয়ার বিধান

প্রশ্ন:

কুরআনে কারীম শিখানোর জন্য প্রাইভেট পড়িয়ে চুক্তি করে কিংবা চুক্তি ছাড়া টাকা নেওয়া কি বৈধ? দলীলসহ জানালে উপকৃত হবো।

-মুহাম্মাদ আরিফ

উত্তর:

بسم الله، والحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد!

কুরআনে কারীম শিক্ষা দিয়ে চুক্তি করে পারিশ্রমিক নেওয়া বৈধ। -হিদায়া: ৩/২৩৮[1]

[1] وبعض مشايخنا استحسنوا الاستئجار على تعليم القرآن اليوم؛ لأنه ظهر التواني في الأمور الدينية. ففي الامتناع تضييع حفظ القرآن وعليه الفتوى. –(**الهداية في شرح بداية المبتدي** (3/ 238)

এমনিভাবে চুক্তি ছাড়া কেউ হাদিয়া হিসেবে কিছু দিলে, সেটাও গ্রহণ করা বৈধ। -রদ্দুল মুহতার: ৬/৪২৪[2]

তবে কুরআনে কারীম শিক্ষা দেয়া একটি ইবাদত। তাতে বিনিময়টা মুখ্য হওয়া কাম্য নয়। বরং নিয়ত পরিশুদ্ধ করে নিবে, কুরআনে কারীম ও দীনের খেদমতের বিষয়টি মুখ্য রাখবে।

আর প্রাইভেট পড়ানোর ব্যাপারে কথা হলো, বাড়ি বাড়ি গিয়ে টিউশনি করার রীতি পছন্দনীয় নয়। এটি কুরআন ও কুরআনের শিক্ষকের সম্মানের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। বরং যারা শিখতে চায় তারা শিক্ষকের কাছে এসে শিখবে। একান্ত যদি বাড়ি গিয়ে পড়াতেই হয়, সে ক্ষেত্রে নিজের সম্মান ও ব্যক্তিত্ব বজায় রাখবে। পর্দা পুশিদার ইহতিমাম করবে। বালেগ বা

---

[২] **الدر المختار وحاشية ابن عابدين (رد المحتار) (6/ 424)**: جَمَعَ أَهْلُ الْمَحَلَّةِ لِلْإِمَامِ فَحَسَنٌ. ... (قَوْلُهُ جَمَعَ أَهْلُ الْمَحَلَّةِ) أَيْ شَيْئًا مِنْ الْقُوتِ أَوْ الدَّرَاهِمِ ط (قَوْلُهُ فَحَسَنٌ) أَيْ إنْ فَعَلُوا فَهُوَ حَسَنٌ وَلَا يُسَمَّى أُجْرَةً كَمَا فِي الْخُلَاصَةِ، وَالظَّاهِرُ أَنَّ هَذَا مِنْ تَعْرِيفَاتِ الْمُتَقَدِّمِينَ الْمَانِعِينَ أَخْذَ الْأُجْرَةِ عَلَى الْإِمَامَةِ وَغَيْرِهَا مِنْ الطَّاعَاتِ لِتَظْهَرَ ثَمَرَةُ التَّنْصِيصِ عَلَيْهِ، وَإِلَّا فَمُجَازَاةُ الْإِحْسَانِ بِالْإِحْسَانِ مَطْلُوبَةٌ لِكُلِّ أَحَدٍ تَأَمَّلْ. اهـ

বালেগের কাছাকাছি বয়সের কোনো মেয়েকে পড়াবে না।

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৮-০৩-১৪৪৬ হি.

০২-১০-২০২৪ ঈ.